গাংনীতে দেশীয় অস্ত্র ও গুলিসহ আওয়ামী লীগ ও যুবলীগের ২ নেতা আটক

মেহেরপুরের গাংনীতে গুলি ও বিপুল পরিমান দেশীয় অস্ত্রসহ আওয়ামী লীগ ও যুবলীগের দুই নেতাকে আটক করেছে যৌথ বাহিনি। আজ শনিবার ভোররাতে যৌথ বাহিনির একটি টিম গাংনী উপজেলার চরগোয়াল গ্রামে এ অভিযান পরিচালনা করেন।

আটকরা হলেন, গাংনী উপজেলার চরগোয়াল গ্রামের শহিদুল ইসলামের ছেলে ইউনিয়ন যুবলীগের নেতা রাজন আলী (২৯) ও একই গ্রামের মৃত হায়দার আলীর ছেলে আওয়ামী লীগের স্থানীয় নেতা রাকিবুল ইসলাম (৩৫)। এদের কাছ থেকে ৮ রাউন্ড গুলি, দেশীয় ২৭টি অস্ত্রর মধ্যে ১৬টি ছোট বড় হাসুয়া, একটি কুড়াল, ১টি চাপাতি, ১টি দা, ছুরি ৩ টি, রড ৪ টি ও আঁকড়া ১ টি।

মেহেরপুর সেনা ক্যাম্পের অধিনায়ক লে: কর্ণেল নাবিল আহমেদের নেতৃত্বে যৌথবাহিনির একটি টিম গোয়েন্দা তথ্যের ভিত্তিতে চরগোয়ালগ্রামের নদীর ধারে অভিযান চালিয়ে রাকিবুল ইসলাম ও রাজনকে আটক করেন। পরে তাদের স্বীকারোক্তিতে একই গ্রামের সবকুল আলীর জামাইয়ের বাড়িতে অভিযান চালিয়ে ৮টি রাউন্ড গুলি ও ২৭ টি দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়। যৌথবাহিনির অভিযান টের পেয়ে বাড়ির মালিক লাবলু পালিয়ে যায়।

গাংনী থানা পুলিশ সূত্রে জানা গেছে, যুবলীগ নেতা রাজন ও রাকিবুল ইসলামের বিরুদ্ধে এলাকায় চুরি ডাকাতিসহ সন্ত্রাসী কর্মকান্ডের অভিযোগ রয়েছে। তারা একাধিকবার পুলিশের হাতে আটক হয়েছেন। দুজনেই একাধিকবার জেল খেটেছে।
মেহেরপুর সেনা ক্যাম্পের অধিনায়ক লে: কর্ণেল নাবিল আহমেদ এই তথ্য নিশ্চিত করে বলেন, আটকদের বিরুদ্ধে গাংনী থানায় মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার তদন্ত অফিসার মনোজ কুমার নন্দী জানান, এই ঘটনায় একটি মামলা দায়ের করা হয়েছে। দুপুরে আসামিদের আদালতে পাঠানো হবে।

দামুড়হুদার রঘুনাথপুর সড়কে দেশীয় অস্ত্র ঠেকিয়ে নগদ টাকা ছিনতায়, আটক ১

দামুড়হুদা উপজেলার রঘুনাথপুর গ্রামের বড় রাস্তায় তিনজন ট্রাক ড্রাইভারকে মাথায় দেশীয় অস্ত্র ঠেকিয়ে নগদ ১ লক্ষ ৬৭ হাজার টাকা ছিনতায় করে দূবৃত্তরা। পরে ট্রাক ড্রাইভার দেলোয়ার বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করেন। মামলার তদন্ত কর্মকর্তা দামুড়হুদা মডেল থানার তদন্ত অফিসার মাহবুবুর রহমান অভিযান চালিয়ে কদিপুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে মাসুমকে আটক করেন।

গত শুক্রবার রাত ২ টার দিকে এই ছিনতায়ের ঘটনা ঘটে এবং শনিবার রাতে অভিযান চালিয়ে একজনকে আটক করেন।

জানাযায়, গত ৩১ শে মে শুক্রবার রাত ২ টার দিকে দামুড়হুদা উপজেলার পাঠাচোরা ভেরবনদীর উপর সুইজগেট তৈরির কাজে ব্যবহৃত পাথর আনলোড করে খালি গাড়ি ওজন করার উদ্যেশে লোকনাথপুরের দিকে ফেরার পথে রঘুনাথপুর বড় রাস্তার উপর কলাগাছ ফেলে রাখে দূবৃত্তরা। কলাগাছ দেখে ২টা খালি ট্রাক দাঁড়িয়ে যায়। যাওয়ার কোন রাস্তা না থাকায় হরিনাকুন্ড থানার শেখপাড়া দিন্নি গ্রামের দবির উদ্দীনের ছেলে (ঢাকা মেট্রো ট ১৮-৯০৯৪) নং এর ট্রাক ড্রাইভার বাচ্চু, ঝিনাদাহ জেলার আরোপপুর গ্রামের মৃত আলাউদ্দিনের ছেলে (ঝিনাদাহ ট -১১-১৬২৯)নং ট্রাক ড্রাইভার শফিকুল ইসলাম ও ঝিনাদাহ সদরের মুরাদ মন্ডলের ছেলে (ঢাকা মেট্রো ত-২২-৩৭২৬) নং ট্রাক ড্রাইভার দেলোয়ার হোসেন গাড়ি থামিয়ে অবস্থান করে। এমন সময় দূর্বৃত্তরা দেশিয় অস্ত্রর ভয় দেখিয়ে ট্রাক ড্রাইভার বাচ্চুর কাছে থাকা নগদ ৫৮ হাজার টাকা, শফিকুল ইসলামের নিকট থাকা ৬৭ হাজার টাকা ও দেলোয়ার নিকট থাকা ৪২ হাজার টাকা ছিনিয়ে নিয়ে যায়।

পরে ট্রাক ড্রাইভার দেলোয়ার বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করে।

মামলার পরিপ্রেক্ষিতে দামুড়হুদা মডেল থানার তদন্ত ওসি অভিযান

চালিয়ে জিগিসা বাদের জন্য কাদিপুর গ্রামের শাহার আলির ছেলে মুছা, আকুবারের ছেলে হাসেম ও শহিদুল ইসলামের ছেলে মাসুমকে থানায় নিয়ে আসে। জিজ্ঞাসা বাদের পর মাসুমকে জড়িত থাকার অপরাধে মাসুমকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করেন এবং অপর দুইজন দোষী না থাকায় তাদেরকে ছেড়ে দেওয়া হয়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত মাহবুবুর রহমান সত্যতা নিশ্চিত করে বলেন মাসুম নামের একজনকে আটক করা হয়েছে। আজ রিমান্ডে নেওয়ার জন্য আদালতে আবেদন করা হবে।এ ঘটনায় জড়িতদের আটক করার জন্য অভিযান অব্যহৃত রয়েছে।

ঝিনাইদহের শৈলকূপায় দেশীয় অস্ত্রসহ গ্রেফতার ১

ঝিনাইদহের শৈলকূপায় ইমদাদুল মণ্ডল নামের এক ব্যক্তিকে অস্ত্রসহ আটক করে থানায় সোপর্দ করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। পরে মামলা দিয়ে তাকে আদালতে পাঠানো হয়।

গতকাল রবিবার রাতে উপজেলার চরধলহরা গ্রামের বরিয়া প্রাইমারি স্কুলের পাশে থেকে তাকে গ্রেফতার করা হয়। ইমদাদুল উপজেলার চরধলহরা গ্রামের দীবা মণ্ডলের ছেলে।

ঝিনাইদহ র্যাবের কোম্পানি কমাণ্ডার স্কোয়াড্রন লিডার মো. ইসতিয়াক হোসেন জানান, দীর্ঘ দিন ধরে অস্ত্রের ব্যবসাসহ সন্ত্রাসী কার্যকালাপের সাথে জড়িত থাকার অভিযোগে অভিযান চালিয়ে ইমাদুলকে আটক করা হয়েছে। তাকে অস্ত্র আইনের মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে।

কোটচাঁদপুরে দেশীয় অস্ত্র দেখিয়ে নগদ টাকা, মোবাইল ও মটর সাইকেল ছিনতাই

দেশীয় অস্ত্র দেখিয়ে নগদ টাকা, মোবাইল ও মটর সাইকেল ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। শুক্রবার সন্ধ্যা রাতে কোটচাঁদপুরের ঘাঘা- জালালপুর সড়কের বালুখোলা নামকস্থানে এ ঘটনা।

ভুক্তভোগী আব্দুল খালেক বলেন, গতকাল শুক্রবার (২১ এপ্রিল) তারিখ বিকেলে তালসারে গিয়েছিলাম জামাই বাড়ি। ওইদিনই সন্ধ্যা রাতে আমার গ্রামের বাড়ি জালালপুর ফিরছিলাম।

পথিমধ্যে ঘাঘা- জালালপুর সড়কের বালুখোলা নামকস্থানে আসার পর দুই জন ধারালো দা দেখিয়ে আমার গতিরোধ করে। ছিনিয়ে নেন আমার মোবাইল,নগদ ৭ হাজার টাকা আর মটর সাইকেলের চাবি। এরমধ্যে ওই স্থানে চলে আসে জালালপুর দর্গা পাড়ার কামরুল ইসলাম। তাঁর কাছে ছিল পালসার মটর সাইকেল।
সে আসার পর তাঁর কাছ থেকে মটর সাইকেলটি ছিনিয়ে নিয়ে চলে যান।

তিনি বলেন, এ সময় আমি মটর সাইকেল থেকে নামতে গেলে,তারা আমাকে গুলি করে দিবেন বলে হুমকি দেন। এ ঘটনার পর কামরুল ইসলাম থানায় গিয়েছিল। আর আমার কাছ থেকে তালসার পুলিশ ফাঁড়ির অফিসার সব কিছু লিখে নিয়েছেন।

মটর সাইকেল দুই আরোহী কোটচাঁদপুরের জালালপুর গ্রামের বাসিন্দা। তাদের কাছ থেকে নগদ ৭ হাজার টাকা, ৩ টি মোবাইল ও মটর সাইকেল নিয়ে গেছেন বলে জানা গেছে।

তালসার পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক আজগর আলী বলেন, ঘটনা শোনার পর, আমি ঘটনাস্থলে গিয়ে ছিলাম। সব কিছু শুনেছি। অভিযোগ করতে তাদের থানায় যাবার কথা ছিল। গেছেন কিনা জানা নাই।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) সিরাজ আলম বলেন,ওই ঘটনায়, এখনও পর্যন্ত কেউ কোন অভিযোগ বা জিডি হয়নি।

[redacted]

[redacted]

[redacted]

[